দৈনিক ইত্তেফাক

তারিখ ...02 APR 1990...
পৃষ্ঠা ...১... কলাম ...১...

# ৫ই এপ্রিল সকল হল খুলিয়া দেওয়া হইবে

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

আগামী ৫ই এপ্রিল ঢাকা বিশ্ববিদ্যালয়ের হলসমূহ খুলিয়া দেওয়া হইবে। গতকাল (রবিবার) বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের এক সভায় এই সিদ্ধান্ত নেওয়া হয়। ভিসি প্রফেসর ডঃ এম, মনিরুজ্জামান মিয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় সকল হলের প্রভোষ্ট, হাউজ টিউটর, বিশ্ববিদ্যালয়ের প্রক্টর উপস্থিত ছিলেন।

(৭ম পৃঃ পর)

## হল খুলিয়া দেওয়া হইবে

(১ম পৃঃ পর)

সভায় সর্বসম্মতিক্রমে অভিমত ব্যক্ত করা হয় যে, ক্যাম্পাসে সন্ত্রাসী কার্যকলাপ দমনে প্রয়োজনীয় দায়-দায়িত্ব মূলতঃ সরকারের। এ ব্যাপারে চ্যান্সেলরকে প্রকৃত অবস্থা অবহিত করার জন্য ভিসিসহ সিন্ডিকেটকে অনুরোধ জানানো হয়। সভায় স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও আইন-শৃংখলা রক্ষাকারী সংস্থাসমূহের সহিত যোগাযোগ করার জন্য ভিসিকে অনুরোধ জানানো হয়। আজ (সোমবার) পুনরায় হল প্রভোষ্টদের এক বৈঠক আহ্বান করা হইয়াছে।